# মুমিনের দু‘আ

বিভাগ/অধ্যায়ঃ দু‘আসমূহ

রচয়িতা/সঙ্কলকঃ ডা. মুহাম্মদ আবুবকর সিদ্দিক (সংকলক)

কুরআনের দু‘আসমূহ

رَبَّنَا آتِنَا فِي الدُّنْيَا حَسَنَةً وَفِي الْآخِرَةِ حَسَنَةً وَقِنَا عَذَابَ النَّارِ

‘হে আমাদের রব, দুনিয়া ও আখিরাত উভয় জীবনে আমাদের কল্যাণ দান করুন। আর জাহান্নামের আযাব হতে আমাদের রক্ষা করুন’ (সূরা আল-বাকারাহ :২০১)

(২)

رَبَّنَا ظَلَمْنَا أَنْفُسَنَا وَإِنْ لَمْ تَغْفِرْ لَنَا وَتَرْحَمْنَا لَنَكُونَنَّ مِنَ الْخَاسِرِينَ

‘হে আমাদের রব, আমরা আমাদের নিজেদের ওপর যুলুম করেছি। এখন যদি আপনি আমাদের ক্ষমা না করেন ও দয়া না করেন, তাহলে অবশ্যই আমরা ক্ষতিগ্রস্তদের অন্তর্ভুক্ত হয়ে পড়ব’ (সূরা আল-আ‘রাফ: ২৩)।

(৩)

رَبَّنَا لَا تُزِغْ قُلُوبَنَا بَعْدَ إِذْ هَدَيْتَنَا وَهَبْ لَنَا مِنْ لَدُنْكَ رَحْمَةً إِنَّكَ أَنْتَ الْوَهَّابُ

‘হে আমাদের রব, আপনি আমাদের সুপথ প্রদর্শনের পর আমাদের অন্তরসমূহকে বক্র করবেন না। আর আপনার পক্ষ হতে আমাদের অনুগ্রহ দান করুন। নিশ্চয়ই আপনি সর্বাধিক দানকারী’ (সূরা আলে ‘ইমরান : ৮)।

(৪)

رَبَّنَا هَبْ لَنَا مِنْ أَزْوَاجِنَا وَذُرِّيَّاتِنَا قُرَّةَ أَعْيُنٍ وَاجْعَلْنَا لِلْمُتَّقِينَ إِمَامًا

হে আমাদের রব, আপনি আমাদের স্ত্রীদের ও সন্তানদের মাধ্যমে চক্ষুশীতলকারী বংশধারা দান করুন এবং মুত্তাকীদের জন্য আমাদের আদর্শ বানিয়ে দিন’ (সূরা আল-ফুরকান : ৭৪)।

(৫)

رَبِّ هَبْ لِي مِنْ لَدُنْكَ ذُرِّيَّةً طَيِّبَةً إِنَّكَ سَمِيعُ الدُّعَاءِ

‘হে রব, আমাকে আপনার পক্ষ হতে উত্তম সন্তান দান করুন। নিশ্চয়ই আপনি প্রার্থনা শ্রবণকারী' (সূরা আলে ইমরান : ৩৮)।

(৬)

رَبِّ هَبْ لِي مِنَ الصَّالِحِينَ

‘হে রব, আপনি আমাকে সৎকর্মশীল সন্তান দান করুন' (সূরা সফফাত : ১০০)

(৭)

رَبَّنَا إِنَّنَا آمَنَّا فَاغْفِرْ لَنَا ذُنُوبَنَا وَقِنَا عَذَابَ النَّارِ

‘হে আমাদের রব, নিশ্চয়ই আমরা ঈমান এনেছি। অতএব আমাদের গুনাহসমূহ ক্ষমা করুন এবং জাহান্নামের আযাব হতে আমাদের রক্ষা করুন' (সূরা আলে ‘ইমরান : ১৬)।

বংশধারা দান করুন এবং মুত্তাকীদের জন্য আমাদের আদর্শ বানিয়ে দিন' (সূরা আল- ফুরকান : ৭৪)।

(৮)

رَبَّنَا تَقَبَّلْ مِنَّا إِنَّكَ أَنْتَ السَّمِيعُ الْعَلِيمُ

“হে আমাদের রব, আপনি আমাদের পক্ষ হতে এটি কবুল করুন। নিশ্চয়ই আপনি সর্বশ্রোতা ও সর্বজ্ঞ' (সূরা আল-বাকারাহ : ২৭)।

(৯)

رَبَّنَا لَا تَجْعَلْنَا فِتْنَةً لِلْقَوْمِ الظَّالِمِينَ ¤ وَنَجِّنَا بِرَحْمَتِكَ مِنَ الْقَوْمِ الْكَافِرِينَ

‘হে আমাদের রব, এই যালেম কওমের হাতে আমাদেরকে ফিতনায় নিক্ষেপ করবেন না এবং আপনার নিজ অনুগ্রহে এই কাফির সম্প্রদায়ের হাত থেকে আমাদের উদ্ধার করুন' (সূরা ইউনুস : ৮৫-৮৬)।

(১০)

وَتُبْ عَلَيْنَا إِنَّكَ أَنْتَ التَّوَّابُ الرَّحِيمُ

‘আর আমাদের তাওবাহ কবুল করুন, নিশ্চয়ই আপনি অধিক তাওবাহ কবুলকারী ও দয়াময়' (সূরা আল-বাকারাহ : ২৮)।

(১১)

رَبَّنَا اغْفِرْ لِي وَلِوَالِدَى وَلِلْمُؤْمِنِينَ يَوْمَ يَقُومُ الْحِسَابُ

‘হে আমাদের রব, আমাকে ও আমার পিতা-মাতাকে এবং সকল ঈমানদারকে হিসাব-নিকাশের দিন ক্ষমা করুন' (সূরা ইবরাহীম : ৪১)।

(১২)

رَبِّ زِدْنِي عِلْمًا

‘হে রব, আমার জ্ঞান বৃদ্ধি করে দিন’ (সূরা ত্ব-হা : ১১৪)।

(১৩)

رَبِّ اشْرَحْ لِي صَدْرِي وَيَسِّرْ لِي أَمْرِي وَاحْلُلْ عُقْدَةً مِنْ لِسَانِ يَفْقَهُوا قَوْلِى

‘হে রব, আমার বক্ষ প্রসারিত করে দিন এবং আমার কর্ম সহজ করে দিন। আর আমার জিহ্বার জড়তা দূর করে

দিন। যাতে তারা আমার কথা ভালোভাবে বুঝতে পারে' (সূরা ত্ব-হা : ২৫-২৮)।

(১৪)

رَبِّ إِن أَعُوذُ بِكَ أَنْ أَسْأَلَكَ مَا لَيْسَ لِي بِهِ عِلْمٌ وَإِلَّا تَغْفِرْ لِي وَتَرْحَمْنِي أَكُنْ مِنَ الْخَاسِرِينَ

'হে রব, আমি আপনার নিকট এমন বিষয়ে আবেদন করা থেকে আশ্রয় প্রার্থনা করছি, যে বিষয়ে আমার কোনো জ্ঞান নেই। এখন যদি আপনি আমাকে ক্ষমা না করেন এবং আমার প্রতি দয়া না করেন, তাহলে আমি ক্ষতিগ্রস্তদের অন্তর্ভুক্ত হয়ে যাবো' (সূরা হূদ : ৪৭)।

(১৫)

رَبَّنَا آتِنَا مِنْ لَدُنْكَ رَحْمَةً وَهَيِّئْ لَنَا مِنْ أَمْرِنَا رشدا

'হে আমাদের রব, আমাদেরকে আপনি নিজের পক্ষ হতে বিশেষ অনুগ্রহ দান করুন এবং আমাদের কাজসমূহ সঠিকভাবে সম্পন্ন করার ব্যবস্থা করে দিন' (সূরা আল-কাহফ : ১০)।

(১৬)

لا إِلَهَ إِلَّا أَنْتَ سُبْحَانَكَ إِنِّي كُنْتُ مِنَ الظَّالِمِينَ

'আপনি ব্যতীত কোনো উপাস্য নেই। আমি আপনার পবিত্রতা বর্ণনা করছি। নিশ্চয়ই আমি যালেমদের অন্তর্ভুক্ত' (সূরা আল-আম্বিয়া : ৮৭)।

(১৭)

رَبِّ اجْعَلْنِي مُقِيمَ الصَّلَاةِ وَمِنْ ذُرِّيَّتِي رَبَّنَا وَتَقَبَّلْ دُعَاءِ

'হে রব, আমাকে সালাত কায়েমকারী বানিয়ে দিন এবং আমার সন্তানদের মধ্য থেকেও। হে আমাদের রব, আপনি দু'আ কবুল করুন (সূরা ইবরাহীম : ৪০)।

(১৮)

رَبِّ لَا تَذَرْنِي فَرْدًا وَأَنْتَ خَيْرُ الْوَارِثِينَ

'হে রব, আমাকে নিঃসন্তান হিসাবে রাখবেন না, আর আপনি তো উত্তম ওয়ারিশকারী' (সূরা আল-আম্বিয়া : ৮৯)।

(১৯)

رَبِّ أَعُوذُ بِكَ مِنْ هَمَزَاتِ الشَّيَاطِينِ وَأَعُوْذُ بِكَ رَبِّ أَنْ يَحْضُرُونِ

'হে রব, শয়তানের কুমন্ত্রণা থেকে আমি আপনার নিকট আশ্রয় প্রার্থনা করছি। আর আমার নিকট ওদের উপস্থিতি থেকেও আমি আপনার নিকট আশ্রয় প্রার্থনা করছি হে রব' (সূরা আল-মুমিনূন : ৯৭-৯৮)।

(২০)

رَبَّنَا آمَنَّا فَاغْفِرْ لَنَا وَارْحَمْنَا وَأَنْتَ خَيْرُ الرَّاحِمِينَ

'হে আমাদের রব, আমরা ঈমান এনেছি। অতএব আমাদের ক্ষমা করুন এবং আমাদের প্রতি অনুগ্রহ করুন। আর

আপনি তো দয়ালুদের মধ্যে সর্বশ্রেষ্ঠ' (সূরা আল- মুমিনূন : ১০৯)।

(২১)

رَبِّ اغْفِرْ وَارْحَمْ وَأَنْتَ خَيْرُ الرَّاحِمِينَ

'হে রব, আমাকে ক্ষমা করুন ও দয়া করুন। আপনিই তো শ্রেষ্ঠ দয়ালু' (সূরা আল-মুমিনূন : ১১৮)।

(২২)

رَبَّنَا اصْرِفْ عَنَّا عَذَابَ جَهَنَّمَ إِنَّ عَذَابَهَا كَانَ غَرَامًا إِنَّهَا سَاءَتْ مُسْتَقَرًّا وَمُقَامًا

'হে আমাদের রব, আমাদের থেকে জাহান্নামের শাস্তি সরিয়ে দিন। কেননা এর শাস্তি তো হবে একটানা-অবিরত। নিশ্চয়ই তা অবস্থান ও আবাস হিসাবে অতি নিকৃষ্ট স্থান' (সূরা আল- ফুরকান : ৬৫-৬৬)।

(২৩)

ربِّ إِنِّى ظَلَمْتُ نَفْسِي فَاغْفِرْ لِي

'হে রব, আমি তো নিজের ওপর যুলুম করে ফেলেছি। অতএব আমাকে ক্ষমা করে দিন' (সূরা আল-কাসাস : ১৬)।

(২৪)

رَبَّنَا آمَنَّا بِمَا أَنزَلْتَ وَاتَّبَعْنَا الرَّسُولَ فَاكْتُبْنَا مَعَ الشَّاهِدِينَ

'হে আমাদের রব, আমরা সে বিষয়ের প্রতি ঈমান এনেছি, যা আপনি নাযিল করেছেন। আর আমরা রাসূলের আনুগত্য করেছি। অতএব আপনি আমাদেরকে সাক্ষ্যদাতাদের অন্তর্ভুক্ত করে নিন' (সূরা আলে ইমরান : ৫৩)।

(২৫)

رَبَّنَا اغْفِرْ لَنَا ذُنُوبَنَا وَإِسْرَافَنَا فِي أَمْرِنَا وَثَبِّتْ أَقْدَامَنَا وَانْصُرْنَا عَلَى الْقَوْمِ الْكَافِرِينَ

"হে আমাদের রব, আমাদের গুনাহসমূহ ও আমাদের বাড়াবাড়িসমূহ ক্ষমা করুন। আমাদের পদযুগল দৃঢ় রাখুন এবং কাফির সম্প্রদায়ের ওপর আমাদের সাহায্য করুন' (সূরা আলে ইমরান: ১৪৭)।

(২৬)

الَّذِينَ يَذكُرُونَ اللّٰهَ قِيٰمًا وَّ قُعُودًا وَّ عَلٰى جُنُوبِهِم وَ يَتَفَكَّرُونَ فِى خَلقِ السَّمٰوٰتِ وَ الاَرضِ رَبَّنَا مَا خَلَقتَ هٰذَا بَاطِلًا سُبحٰنَکَ فَقِنَا عَذَابَ النَّارِ ﴿۱۹۱﴾ رَبَّنَا اِنَّکَ مَن تُدخِلِ النَّارَ فَقَد اَخزَیتَهٗ وَ مَا لِلظّٰلِمِینَ مِن اَنصَارٍ ﴿۱۹۲﴾ رَبَّنَا اِنَّنَا سَمِعنَا مُنَادِیًا یُّنَادِی لِلاِیمَانِ اَن اٰمِنُوا بِرَبِّکُم فَاٰمَنَّا * رَبَّنَا فَاغفِر لَنَا ذُنُوبَنَا وَ کَفِّر عَنَّا سَیِّاٰتِنَا وَ تَوَفَّنَا مَعَ الاَبرَارِ ﴿۱۹۳﴾ رَبَّنَا وَ اٰتِنَا مَا وَعَدتَّنَا عَلٰی رُسُلِکَ وَ لَا تُخزِنَا یَومَ القِیٰمَۃِ اِنَّکَ لَا تُخلِفُ المِیعَادَ ﴿۱۹۴﴾

'হে আমাদের রব, আপনি এগুলো অনর্থক সৃষ্টি করেননি, আপনি অত্যন্ত পবিত্র, অতএব আপনি আমাদেরকে আগুনের শাস্তি হতে রক্ষা করুন। হে আমাদের রব, তুমি যাকে আগুনে নিক্ষেপ করবে, তাকে অবশ্যই তুমি

অপমান করবে আর যালিমদের কোনো সাহায্যকারী নেই। হে আমাদের রব, আমরা একজন ঘোষণাকারীকে ঈমানের ঘোষণা করতে শুনেছি যে, “তোমরা তোমাদের প্রতিপালকের প্রতি ঈমান আনো”। সে অনুযায়ী আমরা ঈমান এনেছি। সুতরাং হে আমাদের রব, আমাদের গুনাহসমূহ ক্ষমা করে দাও এবং আমাদের থেকে আমাদের মন্দ কাজগুলো বিদূরিত করে দাও আর নেককার বান্দাদের সঙ্গে শামিল করে আমাদের মৃত্যু ঘটাও। হে আমাদের রব, তুমি স্বীয় রাসূলদের মাধ্যমে আমাদেরকে যেসব বস্তুর ওয়াদা শুনিয়েছো, তা আমাদের দান করো এবং কিয়ামতের দিন আমাদের লাঞ্ছিত কোরো না, নিশ্চয়ই তুমি ওয়াদা খেলাফ করো না।” (সূরা আলে ‘ইমরান : ১৯১-৯৪)।

(২৭)

ربَّنَا لا تَجْعَلْنَا مَعَ الْقَوْمِ الظَّالِمِينَ

‘হে আমাদের রব, আমাদেরকে অত্যাচারী সম্প্রদায়ের সাথী করবেন না’ (সূরা আল- আ‘রাফ : ৪৭)।

(২৮)

رَبِّ اجْعَلْ هَذَا الْبَلَدَ آمِنًا وَاجْنُبْنِي وَبَنِى أَنْ نَعْبُدَ الاصنام

‘হে রব, এ শহর (মক্কা) –কে শান্তিময় করে দিন এবং আমাকে ও আমার সন্তানদের মূর্তিপূজা থেকে দূরে রাখুন' (সূরা ইবরাহীম: ৩৫)।

(২৯)

رَبِّ إِلى لِمَا أَنْزَلْتَ إِلَى مِنْ خَيْرٍ فَقِيرٌ

‘হে রব, আপনি আমার প্রতি যে অনুগ্রহ করবেন আমি তার মুখাপেক্ষী' (সূরা আল- কাসাস : ২৪)

(৩০)

رَبِّ انْصانِي عَلَى الْقَوْمِ الْمُفْسِدِينَ

‘হে রব, অন্যায়-ফাসাদ সৃষ্টিকারী সম্প্রদায়ের বিরুদ্ধে আমাকে সাহায্য করুন' (সূরা আল- “আনকাবূত : ৩০)।

(৩১)

رَبَّنَا اغْفِرْ لَنَا وَلِإِخْوَانِنَا الَّذِيْنَ سَبَقُونَا بِالْإِيْمَانِ وَلَا تَجْعَلْ فِي قُلُوْبِنَا غِلًّا لِلَّذِينَ آمَنُوا رَبَّنَا إِنَّكَ رَءُوفٌ رَحِيمٌ

‘হে আমাদের রব, আমাদেরকে এবং ঈমানে আমাদের অগ্রবর্তী ভাইদেরকে ক্ষমা করুন। ঈমানদারদের বিরুদ্ধে আমাদের অন্তরে কোনো বিদ্বেষ রাখবেন না। হে আমাদের রব, নিশ্চয়ই আপনি অতি দয়ালু, পরম করুণাময়' (সূরা আল-হাশর : ১০)।

(৩২)

رَبَّنَا لَا تَجْعَلْنَا فِتْنَةً لِلَّذِيْنَ كَفَرُوا وَاغْفِرْ لَنَا رَبَّنَا إِنَّكَ أَنتَ الْعَزِيزُ الْحَكِيمُ

‘হে আমাদের রব, আমাদেরকে কাফেরদের জন্য পরীক্ষার লক্ষ্যবস্তুতে পরিণত করবেন না। আপনি আমাদের ক্ষমা করুন। নিশ্চয়ই আপনি মহা পরাক্রান্ত ও প্রজ্ঞাময়' (সূরা আল- মুমতাহিনাহ : ৫)।

(৩৩)

رَبَّنَا أَتْمِمْ لَنَا نُورَنَا وَاغْفِرْ لَنَا إِنَّكَ عَلَى كُلِّ شَيْءٍ قَدِيرٌ

হে আমাদের রব, আমাদের জ্যোতিকে পূর্ণ করে দিন এবং আমাদের ক্ষমা করুন। নিশ্চয়ই আপনি সবকিছুর ওপর সর্বশক্তিমান' (সূরা আত-তাহরীম : ৮)।

Source — https://www.hadithbd.com/books/link/?id=15030

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন